



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, গোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail: chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং: ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৬৫

তারিখ: ০১/০৩/২০২০ খ্রি:

বিষয় : ২০২০ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্তি উত্তরপত্র, বহুনির্বাচনী (MCQ), ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্তি উত্তরপত্র, বহুনির্বাচনী (MCQ), ও ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে উল্লিখিত তারিখে বিতরণ করা হবে। নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা হতে বিকাল ০৩.০০ টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	তারিখ	বার	জেলা সমূহ
১	০৯/০৩/২০২০	সোমবার	ময়মনসিংহ ও শেরপুর জেলার সকল কেন্দ্র
২	১০/০৩/২০২০	মঙ্গলবার	জামালপুর ও নেত্রকোণা জেলার সকল কেন্দ্র

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে সরঞ্জামাদি গ্রহণের ক্ষেত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তার প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি কেন্দ্র কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত অধ্যক্ষের বেলায় সরঞ্জামাদি গ্রহণের আবেদনপত্রে কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, ও উপজেলা পর্যায়ে ইউএনও) এর প্রতিস্বাক্ষর থাকতে হবে।

বিঃদ্র : মালামাল গ্রহণের আবেদনের সাথে অত্র বোর্ড প্রদত্ত কেন্দ্র অনুমোদন পত্র দাখিল করতে হবে। ব্যবহারিক পরীক্ষা শেষে উদ্বৃত্ত অলিখিত উত্তরপত্র ও অব্যবহৃত প্রশ্নপত্রসহ সকল মালামাল এক সপ্তাহের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, মালামাল যানবাহনে উত্তোলন ও জমাদান বাবদ খরচ কেন্দ্র বহন করবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক:
ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র


স্বা:
(মো: সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৫
Email: conbisemym@gmail.com

স্মারক নং- ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৬৫ (৪)

তারিখ : ০১/০৩/২০২০ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর;
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড;
- ৪। অফিস কপি


(এস.এম.মোবিনুর হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ